

১৬ ডিসেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

আহ্‌ছানউল্লা বিশ্ববিদ্যালয়ে বিজয় দিবস পালিত



আহ্‌ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। বিজয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় এক আলোচনা সভার আয়োজন করে বুধবার, ১৬ ডিসেম্বর ২০২০ জুম অ্যাপসের মাধ্যমে। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাজী রফিকুল আলম ও অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী।

বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা ও সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এইচ. খান, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য প্রফেসর ড. গোলাম রহমান, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ও ঢাকা আহ্‌ছানিয়া মিশনের সেক্রেটারি এস. এম খলিলুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মোস্তাফিজুর রহমান, এনবিআরের সাবেক চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মজিদ, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির সেক্রেটারি আনোয়ার হোসাইন, ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. আবদুর রহিম মোল্লা, আর্কিটেকচার ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. এম. এ. মোস্তাদির, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, লাইব্রেরিয়ান প্রমুখ এ আলোচনায় অংশগ্রহণ করেন ও বিজয় দিবস নিয়ে আলোকপাত করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মো. মোশারফ হোসাইন।

বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব স্ট্রাস্টির সদস্য, ডিন, বিভাগীয় প্রধান, অফিস প্রধান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা আলোচনায় অংশগ্রহণ করেন।

আলোচনায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শারমিন আক্তার মিম, সালমা আরিফা মিম, আনিকা তাবাসুম, ফাবি নাহিয়ান, মো. মেজবাউল আবেদিন, রুবাইয়া তাবাসুম ও সৌরভ গোস্বামী অংশ।